

স্মারক নং-০৫.৪২.৫১৩৩.০০০.১০.০০৬.১৯- ২০৬৯

তারিখ: ২৭.১১.২০১৯ খ্রিঃ।

২০২০ শিক্ষাবর্ষে হাজির হাট সরকারি মিল্লাত একাডেমির শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের ০৭ নভেম্বর ২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-১১৩০ নং স্মারকে জারীকৃত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৯ অনুযায়ী হাজিরহাট সরকারি মিল্লাত একাডেমী (উচ্চ বিদ্যালয়) কমলনগর, লক্ষ্মীপুর-এ ২০২০ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে ১২০টি, ৭ম শ্রেণিতে ২০টি এবং নবম শ্রেণিতে ১০টি শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০২. ভর্তির আবেদনের নিয়মাবলী:

(ক) আবেদন ফরমের মূল্য ১২০/- (একশত বিশ) টাকা।

(খ) আবেদন ফরম বিতরণ শুরুর তারিখ ও সময়: ০১/১২/২০১৯ খ্রি: তারিখ সকাল ১০:০০ ঘটিকা।

(প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত)

(গ) আবেদন ফরম জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪/১২/২০১৯ খ্রি: তারিখ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।

(ঘ) নবম শ্রেণির ভর্তির ক্ষেত্রে জেএসসি/জেডিসি পরীক্ষার ফলাফলের মেধাক্রমের ভিত্তিতে ভর্তি করা হবে।

০৩. আবেদনপত্র বিতরণ ও জমাদানের স্থান: বিদ্যালয় অফিস কক্ষ।

০৪. ভর্তি পরীক্ষার সময়: আগামী ২১/১২/২০১৯ খ্রি: তারিখ; রোজ: শনিবার, সময়: সকাল ১০:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত।

০৫. পরীক্ষার স্থান : হাজিরহাট সরকারি মিল্লাত একাডেমি (উচ্চ বিদ্যালয়)।

০৬. ভর্তি পরীক্ষার মানবন্টন ও পরীক্ষা সময়: বাংলা-৩০, ইংরেজি-৩০ ও গনিত-৪০; মোট-১০০, পরীক্ষার সময়: ২ ঘন্টা।

০৭. ভর্তি পরীক্ষার আসন বিন্যাস : সংশ্লিষ্ট বিদ্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৮. ফলাফল প্রকাশ : নির্দিষ্ট তারিখে পরীক্ষা গ্রহণ শেষে ফলাফল যত দূত সম্ভব প্রকাশ করা হবে এবং ফলাফল সংশ্লিষ্ট বিদ্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৯. কোটা সংরক্ষণ:

(ক) সরকারি বিধি মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনি কোটা (৫%), প্রতিবন্ধী কোটা (২%) এবং কমলনগর উপজেলাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা/কর্মচারীর সন্তানদের(২%) কোটা অনুসরণ করা হবে।

(খ) ভর্তির ক্ষেত্রে মোট আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। তবে সরকারি উচ্চ বিদ্যালয় সংযুক্ত পঞ্চম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীরা এ কোটার সুযোগ পাবে না।

(গ) (১) মুক্তিযোদ্ধা প্রমাণের ক্ষেত্রে ১. লাল মুক্তিবর্তা তালিকা, ২. ভারতীয় তালিকা, ৩. মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ, ৪. গেজেট, ৫. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাময়িক সনদ এর মধ্যে যে কোন দুইটি থাকতে হবে।

(২) মুক্তিযোদ্ধার সন্তান প্রমাণের ক্ষেত্রে উপরিউক্ত ক্রমিক নম্বর ৯(গ)(১) এ বর্ণিত কাগজপত্রাদিসহ ১. জাতীয় পরিচয় পত্র, ২. জন্ম নিবন্ধন সনদ, ৩. ওয়ারিশ সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) থাকতে হবে।

(৩) মুক্তিযোদ্ধার নাতি-নাতনি প্রমাণের ক্ষেত্রে উপরিউক্ত ক্রমিক নম্বর ৯ এর (গ)(১) ও (২) এ বর্ণিত কাগজপত্রাদিসহ ১. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ ২. স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের সমর্থনে প্রত্যয়ন পত্র থাকতে হবে।

(ঘ) প্রতিবন্ধী প্রমাণের ক্ষেত্রে ১. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর প্রদত্ত সনদ ও প্রতিবন্ধী আইডি কার্ড, যা ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের ইস্যুকৃত হতে হবে। ২. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ থাকতে হবে।

(ঙ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা/কর্মচারীর সন্তান কোটা প্রমাণের ক্ষেত্রে ১. শিক্ষার্থীর পিতা-মাতা কমলনগর উপজেলার যে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র এবং ২. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ থাকতে হবে।


১০. কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন ও সাক্ষাৎকার : যে সকল শিক্ষার্থী কোটায় নির্বাচিত হবে তাদেরকে বিদ্যালয়ে ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রদর্শন করতে হবে। কোটার প্রার্থী যাচাইয়ের স্থান, তারিখ ও সময় ফলাফল ঘোষণার পর সংশ্লিষ্ট বিদ্যালয়রে নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১১. বিবিধ :

(ক) আবেদন ফরম পূরণে ভুল হলে শিক্ষার্থীরা পুনরায় ফি জমা দান সাপেক্ষে সঠিকভাবে আবেদন করতে পারবে। সেক্ষেত্রে সঠিক আবেদন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(খ) পরীক্ষার হলে যে কোন ইলেকট্রনিক ডিভাইস যেমন: মোবাইল, ক্যালকুলেটর, স্মার্ট ঘড়ি ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।

(গ) ভর্তির ক্ষেত্রে উপজেলা ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।


২৭.৮.১৭
(ইমতিয়াজ হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর।

ও

সভাপতি

উপজেলা পর্যায়ে সরকারি স্কুল ভর্তি কমিটি